

# র্যাগিংয়ের দায়ে চুয়েটের ১০ শিক্ষার্থীকে শোকজ

চুয়েট প্রতিনিধি

২০ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

## আমাদের মধ্যে



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) র্যাগিংয়ের অভিযোগে ১০ শিক্ষার্থীকে কারণ দর্শনোর নোটিশ (শোকজ) দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্টস ডিসিপ্লিন কমিটির সদস্য সচিব ও ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক মো. মাহবুবুল আলম স্বাক্ষরিত পৃথক ১০টি নোটিশ এ তথ্য জানা যায়।

কারণ দর্শনোর নোটিশ পাওয়া শিক্ষার্থীরা ২০২৩-২৪ শিক্ষাবর্ষের। তাদের বিরুদ্ধে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ৯ শিক্ষার্থীকে হয়রানি (র্যাগিং) করার অভিযোগ আছে।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসন সূত্রে জানা গেছে, ১৩ আগস্ট রাত ১টায় মুক্তিযোদ্ধা হলের প্রাধ্যক্ষ ও সহকারী প্রাধ্যক্ষরা হল পরিদর্শনে যান। এ সময় একটি কক্ষে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ৯ শিক্ষার্থীকে হয়রানি করাচিলেন অভিযুক্ত ১০ শিক্ষার্থী। বিষয়টি নজরে আসে প্রাধ্যক্ষ ও সহকারী প্রাধ্যক্ষের।

নোটিশে বলা হয়েছে, এমন আচরণ বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাবিধির পরিপন্থি। তাই বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাবিধি মোতাবেক কেন তাদের বিরুদ্ধে এক বা একাধিক শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়। আগামী ৩ সেপ্টেম্বরের মধ্যে ছাত্রকল্যাণ অধিদপ্তরে সশরীর উপস্থিত হয়ে নোটিশের জবাব দিতে বলা হয়।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক মো. মাহবুবুল আলম বলেন, হল প্রাধ্যক্ষদের অভিযোগের ভিত্তিতে শিক্ষার্থীদের প্রাথমিকভাবে কারণ দর্শাতে বলা হয়েছে। কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনানি শেষে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।